

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

স্মারক ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ৪০৭. ২০১০- ১০০২

তারিখঃ ০১-০৩-২০১৭ খ্রিঃ


বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ৯৫৪৫/২০১০ মামলার রায় হতে উদ্ভূত কনটেম্পট পিটিশন নং-৫৪/২০১৭ মোকদ্দমার রুল ও আরজি।

সূত্রঃ ২২-০২-২০১৭ খ্রিঃ, সহকারী রেজিষ্ট্রার হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত পত্র।

এলজিইডির আওতায় মাষ্টার রোলে নিয়োজিত কর্মচারীদের চাকুরী রাজস্ব খাতে স্থানান্তর সংক্রান্ত বিষয়ে বাদী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে ৯৫৪৫/২০১০ নং রীট পিটিশন দায়ের করা হয়। উক্ত মামলায় গত ২২.০১.২০১২ খ্রিঃ তারিখে সরকারের বিপক্ষে রায় ঘোষিত হয় এবং রায় বাস্তবায়ন না করার মামলার বাদী কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৫৪/২০১৭ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট পিটিশনে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং বিবাদী, প্রধান প্রকৌশলী, এলজিইডিকে ২নং বিবাদী শ্রেণীভুক্ত করা হয়েছে। উক্ত কনটেম্পট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিগত ০৭/০২/২০১৭ তারিখের আদেশে রুল ইস্যুপূর্বক রীট পিটিশন নং ৯৫৪৫/২০১০ এ মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ২২.০১.২০১২ তারিখের রায় বাস্তবায়ন না করার কারণে কেন কার্যক্রম গ্রহণ করা হবে না তার কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন।

০২। এমতাবস্থায়, রীট পিটিশন নং- ৯৫৪৫/২০১০ মামলার রায় হতে উদ্ভূত কনটেম্পট পিটিশন নং-৫৪/২০১৭ মোকদ্দমার বিষয়ে ইতোমধ্যে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা উল্লেখপূর্বক রীট মামলার রায় বাস্তবায়ন সম্পর্কিত একটি প্রতিবেদন অতি সত্ত্বর এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব (আইন-১)
৯৫৪০৯৯৫

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,
আগারগাঁও, ঢাকা।
অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ;
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৩। উপ সচিব (উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ (প্রতিবেদন সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।